সংবাদ

তারিখ ... 15/11/83 ...
পৃষ্ঠা... ... ... ...কলাম... ... ...

025

# রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ভর্তি বিজ্ঞপ্তি

## ১ম বর্ষ সম্মান শিক্ষাবর্ষ ১৯৮৩-৮৪

কলা, বিজ্ঞান ও বাণিজ্য অনুষদে তিন বছর এবং আইন অনুষদে চার বছর মেয়াদী সম্মান কোর্সে কেবল মাত্র ১৯৮১, ১৯৮২ ও ১৯৮৩ উচ্চ মাধ্যমিক পাস ছাত্র/ছাত্রীদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে ভর্তির আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

১। সম্মান কোর্সে ভর্তির ন্যূনতম যোগ্যতা :

(ক) কলা অনুষদ :

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক দু'টি পরীক্ষার যে কোন একটিতে অবশ্যই দ্বিতীয় বিভাগ এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিতব্য অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪৫% নম্বর।

অথবা

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগ এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিতব্য অথবা সংশ্লিষ্ট বিষয়ে 40% নম্বর।

বিজ্ঞান ও বাণিজ্য গ্রুপ থেকে আগত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগ এবং বিভাগ কর্তৃক নির্দিষ্ট সংশ্লিষ্ট বিষয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৪৫% নম্বর। বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট বিষয় নির্ধারিত না থাকলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগ।

(খ) বিজ্ঞান অনুষদ :

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় দ্বিতীয় বিভাগসহ যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে বা সংশ্লিষ্ট বিষয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৪৫% নম্বর।

(গ) বাণিজ্য অনুষদ :

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক দু'টি পরীক্ষার যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত তিনটি বাণিজ্য বিষয়ের যে কোন একটি বিষয়ে ৪৫% নম্বর।

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাণিজ্য গ্রুপ ছাড়া অন্য গ্রুপের ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে মধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগ।

(ঘ) আইন অনুষদ :

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক দু'টি পরীক্ষার যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ এবং অপরটিতে ন্যূনতম মোট 40% নম্বর।

২। খেলোয়াড়/শিল্পী/আদিবাসী/উপজাতিদের ক্ষেত্রে ন্যূনতম ভর্তি যোগ্যতা :

(ক) খেলোয়াড় :

আন্তঃ কলেজ অথবা আন্তঃ জেলা ক্রীড়াতে অংশগ্রহণ করেছে এই মর্মে প্রত্যয়নপত্রসহ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক দু'টি পরীক্ষার যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ।

খেলোয়াড় ছাত্র/ছাত্রী সরাসরি সংশ্লিষ্ট বিভাগে আবেদন পেশ করবে এবং অন্যান্য ছাত্র/ছাত্রীদের সাথে বিভাগীয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) শিল্পী :

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক দু'টি পরীক্ষার যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ।

শিল্পী ছাত্র/ছাত্রীরা ছাত্র-উপদেষ্টার দপ্তরে আবেদনপত্র পেশ করবে এবং শিল্পী কমিটি কর্তৃক আয়োজিত পরীক্ষায় প্রথমে পাস করতে হবে। কমিটি কর্তৃক নির্বাচিত শিল্পী ছাত্র/ছাত্রীরা পরবর্তীতে সংশ্লিষ্ট বিভাগে অন্যান্য ছাত্র/ছাত্রীদের সাথে বিভাগীয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(গ) আদিবাসী/উপজাতি :

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক দু'টি পরীক্ষার যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ।

আদিবাসী/উপজাতি প্রার্থীদের আবেদনপত্র সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে জমা দিতে হবে।

৩। মূল নম্বর পত্র/সার্টিফিকেট/টেস্টিমোনিয়াল ইত্যাদির সত্যায়িত কপিসহ ভর্তি পরীক্ষার আবেদনপত্র সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরে জমা দেবার শেষ তারিখ :-

২৯শে নভেম্বর, ১৯৮৩।

৪। বিভাগে ভর্তির জন্য লিখিত/মৌখিক পরীক্ষা ১১ই ডিসেম্বর থেকে ১৫ই ডিসেম্বর '৮৩ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

৫। সম্মান/পাস কোর্সে ভর্তি ও ক্লাস শুরুর তারিখ :

(ক) জরিমানা ছাড়া : ১৮ই জানুয়ারী, ১৯৮৪
(খ) ৫ টাকা জরিমানাসহ : ২৫শে জানুয়ারী, ১৯৮৪
(গ) ক্লাস শুরু : ২২শে জানুয়ারী, ১৯৮৪

৬। রাজশাহী বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার বরাবর যে কোন সিডিউলড ব্যাংক থেকে প্রতি বিভাগের জন্য আলাদা আলাদা ভাবে ১০।০০ (দশ) টাকার ক্রসড ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখায় বিবিধ রসিদের মাধ্যমে টাকা জমা দিয়ে সেই ড্রাফট/রসিদ সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরে জমা দিয়ে ভর্তি পরীক্ষার নির্ধারিত আবেদনপত্র নিতে হবে। লিখিত এবং মৌখিক ভর্তি পরীক্ষার দিন তারিখ ছাত্র/ছাত্রীদের নিজ দায়িত্বে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর থেকে জেনে নিতে হবে।

ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ছাত্র/ছাত্রীদেরকে মূল ভর্তি ফরম একাডেমিক সেকশনে পরীক্ষা নিরীক্ষার জন্য মূল সার্টিফিকেট/টেস্টিমোনিয়াল এবং উভয় পরীক্ষার বোর্ড কর্তৃক ইস্যুকৃত মূল মার্ক সার্টিফিকেটসহ অবশ্যই দাখিল করতে হবে। নচেৎ ভর্তি করা যাবে না।

কোন ছাত্র/ছাত্রী ফরমে ভুল তথ্য পরিবেশন করলে বা অসৎ উপায়ের আশ্রয় নিলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

নাজিম মাহমুদ,
উপ-রেজিস্ট্রার (একাডেমিক),
রাজশাহী বিশ্ববিদ্যালয়।

সি---৬৪৫৬